বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং: ১২.২০.০০০০.০০৫.৫২.০১.২১/ ১৩৪০

তারিখ: ৮ সেপ্টেম্বর ২০২১ খ্রি:

**বিষয়: GAP বাস্তবায়নের জন্য স্কীমওনার হিসেবে বিএআরসিতে GAP ইউনিট গঠন করা প্রসংগে।**

দেশে নিরাপদ ও মানসম্পন্ন কৃষি পণ্য উৎপাদনের জন্য "বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা ২০২০" সরকার (কৃষি মন্ত্রণালয়) কর্তৃক অনুমোদন করা হয়। GAP নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। GAP নীতিমালার আলোকে গত ১২ আগস্ট ২০২১ স্টিয়ারিং কমিটির ১ম সভায় বিএআরসি কে বাংলাদেশ GAP এর স্কীমওনার হিসেবে নির্বাচন করা হয়। বিএআরসি কর্তৃক স্কীমওনারের কার্যক্রম পরিচালনার জন্য নিম্ন বর্ণিত বিজ্ঞানীবৃন্দের সমন্বয়ে GAP ইউনিট গঠন করা হলো।

| | |
|---|---|
| ১। ড. মিয়া সাঈদ হাসান, সদস্য পরিচালক (এনআরএম) বিএআরসি | আহবায়ক |
| ২। ড. শাহ মো: মনির হোসেন, পিএসও (শস্য), বিএআরসি। | সদস্য |
| ৩। ড. যাকীয়াহ রহমান মনি, এসএসও (টিটিএমইউ), বিএআরসি। | সদস্য সচিব |

GAP নীতিমালা-২০২০ অনুযায়ী প্রস্তাবিত GAP ইউনিটের কার্য পরিধি নিম্নরূপ:

ক) বাংলাদেশ উত্তম কৃষি চর্চা সংশ্লিষ্ট সকল ধরনের তথ্যাদি সর্বসাধারণের অবগতি ও প্রাপ্যতা নিশ্চিত করা;

খ) কার্যক্রম পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য পর্যাপ্ত ডক্যুমেন্ট (নীতিমালা ও পরিচালনার দায়িত্বসমূহ) তৈরি, নিয়ন্ত্রণ এবং রক্ষা করা;

গ) বাংলাদেশ উত্তম কৃষি চর্চা প্রত্যয়ন প্রতীক চিহ্ন (GAP Certification Mark) বা লোগো প্রস্তুত করা এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ও নিবন্ধন করা;

ঘ) বাংলাদেশ উত্তম কৃষি চর্চার মানদন্ড প্রস্তুত ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা, সময়ে সময়ে এর সংশোধন, সংযোজন, হালনাগাদকরণ;

ঙ) উৎপাদন ও সার্টিফিকেশন কার্যক্রম পরিবীক্ষণ করা;

চ) সার্বিক কার্যক্রম, উন্নয়ন এবং ব্যবস্থাপনার জন্য স্টিয়ারিং, টেকনিক্যাল ও সার্টিফিকেশন কমিটির সভা নিয়মিত আয়োজন করা;

ছ) পণ্যমান সংক্রান্ত যে কোনো পর্যায়ের অভিযোগ নিষ্পত্তি এবং সংবেদনশীল অভিযোগের ক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করা;

জ) আন্তর্জাতিক মানের সঙ্গে সঙ্গতি রেখে সার্টিফিকেশন বডির কার্যক্রম/ সিদ্ধান্তের বিষয়ে কোনো আপিল নিষ্পত্তিতে নিরপেক্ষ/ স্বাধীন আপিল প্যানেল গঠন করা;

ঝ) প্রত্যয়ন সংস্থা (পরিদর্শক, নিরীক্ষক, টেকনিক্যাল পর্যবেক্ষক/টেকনিক্যাল রিভিউয়ার), উৎপাদক, প্রয়োগকারী এবং অন্যান্যদের প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন/অংশগ্রহণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও বাস্তবায়ন উৎকর্ষতার উদ্যোগ গ্রহণ করা;

ঞ) সরকারি ও বেসরকারি পর্যায়ে মানসম্পন্ন ও দক্ষ সার্টিফিকেশন বডি গঠনে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা এবং

ট) বাংলাদেশ উত্তম কৃষি চর্চা সম্পর্কিত ওয়েব পোর্টাল তৈরি ও সকল নির্দেশনাসমূহ ওয়েবসাইটে আপলোড করা।

০৮.০৯.২০২১

(ড. শেখ মোহাম্মদ বখতিয়ার)
নির্বাহী চেয়ারম্যান

বিতরণ:

১। ড. মো: আজিজ জিলানী চোধুরী, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি ও সদস্য সচিব GAP স্টিয়ারিং কমিটি।
২ ড. মিয়া সাঈদ হাসান, সদস্য পরিচালক (এনআরএম), বিএআরসি।
৩। ড. শাহ মো: মনির হোসেন, পিএসও (শস্য), বিএআরসি।
৪। ড. যাকীয়াহ রহমান মনি, এসএসও (টিটিএমইউ), বিএআরসি।
৫। পরিচালক, কম্পিউটার ও জিআইএস ইউনিট বিএআরসি, ওয়েবসাইডে আপলোডের অনুরোধসহ।
৬। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি।

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫


স্মারক নং-১২.২০.০০০০.০০৫.৫২.০০১.২১/২৬৮৪ তারিখ: ১২-১২-২০২২খ্রি.

**বিষয়ঃ বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (GAP) বাস্তবায়নের জন্য স্কীমওনার হিসেবে বিএআরসি'র GAP ইউনিট পুনর্গঠন করা প্রসংগে।**

দেশে নিরাপদ ও মানসম্পন্ন কৃষিপণ্য উৎপাদনের জন্য "বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা ২০২০" সরকার (কৃষি মন্ত্রণালয়) কর্তৃক অনুমোদন করা হয়। উক্ত নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। GAP নীতিমালার আলোকে গত ১২ আগষ্ট ২০২১ তারিখে স্টিয়ারিং কমিটির ১ম সভায় বিএআরসি কে বাংলাদেশ GAP এর স্কীমওনার হিসেবে নির্বাচন করা হয়। বিএআরসি কর্তৃক স্কীমওনারের কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত বিজ্ঞানীবৃন্দের সমন্বয়ে GAP ইউনিট পুনর্গঠন করা হলো।

| | |
|---|---|
| ১। ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি | আহবায়ক |
| ২। ড. শাহ মোঃ মনির হোসেন, সিএসও (শস্য) বিএআরসি | সদস্য |
| ৩। ড. যাকীয়াহ রহমান মনি, পিএসও, (পুষ্টি) বিএআরসি | সদস্য সচিব |

**GAP নীতিমালা-২০২০ অনুযায়ী প্রস্তাবিত GAP ইউনিটের কার্য পরিধি নিম্নরুপ:**

ক) বাংলাদেশ উত্তম কৃষি চর্চা সংশ্লিষ্ট সকল ধরনের তথ্যাদি সর্বসাধারণের অবগতি ও প্রাপ্যতা নিশ্চিত করা;

খ) কার্যক্রম পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন পর্যাপ্ত ডক্যুমেন্ট (নীতিমালা ও পরিচালনার দায়িত্বসমূহ) তৈরি, নিয়ন্ত্রণ এবং রক্ষা করা;

গ) বাংলাদেশ উত্তম কৃষি চর্চা প্রত্যয়ন প্রতীক চিহ্ন (GAP Certification Mark) বা লোগো প্রস্তুত করা এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ও নিবন্ধন করা;

ঘ) বাংলাদেশ উত্তম কৃষি চর্চার মানদন্ড প্রস্তুত ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা, সময়ে সময়ে এর সংশোধন, সংযোজন, হালনাগাদকরণ;

ঙ) উৎপাদন ও সার্টিফিকেশন কার্যক্রম পরিবীক্ষণ করা;

চ) সার্বিক কার্যক্রম, উন্নয়ন এবং ব্যবস্থাপনার জন স্টিয়ারিং, টেকনিক্যাল ও সার্টিফিকেশন কমিটির সভা নিয়মিত আয়োজন করা;

ছ) পণ্যমান সংক্রান্ত যে কোনো পর্যায়ের অভিযোগ নিষ্পত্তি এবং সংবেদনশীল অভিযোগের ক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করা;

জ) আন্তর্জাতিক মানের সঙ্গে সঙ্গতি রেখে সার্টিফিকেশন বডির কার্যক্রম/সিদ্ধান্তের বিষয়ে কোনো আপিল নিষ্পত্তিতে নিরপেক্ষ/স্বাধীন আপিল প্যানেল গঠন করা;

ঝ) প্রত্যয়ন সংস্থা (পরিদর্শক, নিরীক্ষক, টেকনিক্যাল পর্যবেক্ষক/টেকনিক্যাল রিভিউয়ার), উৎপাদক, প্রয়োগকারী এবং অন্যান্যদের প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন/অংশগ্রহণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও বাস্তবায়ন উৎকর্ষতার উদ্যোগ গ্রহণ করা;

ঞ) সরকারি ও বেসরকারি পর্যায়ে মানসম্পন্ন ও দক্ষ সার্টিফিকেশন বডি গঠনে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা এবং

ট) বাংলাদেশ উত্তম কষি চর্চা সম্পর্কিত ওয়েব পোর্টাল তৈরি ও সকল নির্দেশনাসমুহ ওয়েবসাইটে আপলোড করা।

১২/১২/২০২২

(ড. শেখ মোহাম্মদ বখতিয়ার)
নির্বাহী চেয়ারম্যান

**বিতরণ:**

১। ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি, ফার্মগেট, ঢাকা।

২। ড. শাহ মোঃ মনির হোসেন, সিএসও (শস্য), বিএআরসি, ফার্মগেট, ঢাকা।

৩। ড. যাকীয়াহ রহমান মনি, পিএসও, (পুষ্টি) বিএআরসি, ফার্মগেট, ঢাকা।

**অনুলিপি:**

১। সদস্য পরিচালক (শস্য), বিএআরসি ও সদস্য সচিব, স্টিয়ারিং কমিটি; GAP নীতিমালা ২০২০ বাস্তবায়ন।

২। পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বিএআরসি, ফার্মগেট, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধ করা হলো)।

৩। পরিচালক (পুষ্টি), বিএআরসি, ফার্মগেট, ঢাকা।

৪। অফিস কপি।


ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২, +৮৮০-২-৯১১০৮৪২; ফ্যাক্স: + ৮৮-০২-২২২২৪২৬৮৭, +৮৮০-২-৮১১০৯২৪
ই-মেইল:ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd;ওয়েবসাইট:www.barc.gov.bd